উত্তর দিনাজপুর জেলা পরিষদ

কর্ণজোড়া : রায়গঞ্জ

**বিজ্ঞপ্তি**

স্মারক সংখ্যা : ৫০৪/উ.দি.জে.প/রিসোঃ মোবিঃ/XX/জলাশয় পরিচালন(লিজ)/২০১৭/০০৫ দিনাঙ্ক : ১১/০৩/২০২২

এতদ্বারা সকলকে জানানো যাচ্ছে যে, উত্তর দিনাজপুর জেলা পরিষদ পরিচালনাধীন সংযোজনী - (A) -তে বর্ণিত পুকুর/বিল/জলাশয় জেলা পরিষদ কর্তৃপক্ষের উপস্থিতিতে **১ লা এপ্রিল, ২০২২ থেকে ৩১ শে মার্চ, ২০২৭ পর্যন্ত (৫ বছরের জন্য)** ইজারা বিলির জন্য বাৎসরিক দরপত্র আহ্বান করা হচ্ছে। উক্ত পুকুর/বিল/জলাশয় ইজারা নিতে ইচ্ছুক প্রাইমারি ফিসারমেনস্ কো-অপারেটিভ সোসাইটি/ ফিস প্রোডাকশন গ্রুপ/ স্ব-নির্ভর গোষ্ঠীর (পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর দ্বারা স্বীকৃত গ্রেড - ১ পাশ) থেকে নিম্ন-নির্ধারিত তারিখ, সময় এবং স্থান অনুযায়ী লিখিত বাৎসরিক দরপত্র প্রদানের জন্য অনুরোধ করা হচ্ছে।

বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময় ও স্থানে সংযুক্ত ফরম্যাটে প্রদেয় বাৎসরিক দর লিখে মুখ বন্ধ খামে জেলা পরিষদের নির্দিষ্ট দরপত্র বাক্সে জমা দিতে হবে। খামের উপর লীজে অংশগ্রহনকারীর নাম/ঠিকানা এবং যে জলাশয়ের জন্য দর প্রদান করা হচ্ছে তার নাম পরিষ্কার করে লিখে জমা করতে হবে। প্রতি ক্ষেত্রে আবেদনকারীকে স্বীকৃত রেজিস্ট্রেশন নম্বরের প্রত্যায়িত প্রতিলিপি দিতে হবে।

দরপত্র প্রদানে অংশগ্রহণকারী উপরউক্ত সোসাইটি/গ্রুপ/গোষ্ঠীর প্রদেয় বাৎসরিক দরের ৩৫% আমানত ব্যাঙ্ক ড্রাফট মারফৎ **ADDITIONAL EXECUTIVE OFFICER, UTTAR DINAJPUR ZILLA PARISHAD, (Payable at SBI Karnajora)** -এর অনুকূলে দরপত্রের সঙ্গে জমা করতে হবে। সর্ব্বোচ্চ দরদাতা বাদে অন্যান্যদের আমানত বাবদ জমা ফেরৎ দেওয়া হবে।

প্রকাশ থাকে যে, এই বিজ্ঞপ্তির সংযোজনী - **(A) এর IX** কলামে বর্ণিত নির্দিষ্ট পরিমান ন্যূনতম অর্থের কমে দরপত্র গ্রহণ করা হবে না।

দরপত্র জমা দেওয়ার তারিখ/সময় : **১১/০৩/২০২২ থেকে ২৪/০৩/২০২২ বেলা ৪.০০ ঘটিকা পর্যন্ত।** (ছুটির দিন বাদে)

দরপত্র খোলার তারিখ/সময়/স্থান : **২৫/০৩/২০২২ বেলা ১২:০০ ঘটিকা,** উ.দি.জে.প.-এর নজরুল কক্ষ।

**বিভিন্ন শর্তাবলী নিম্নে দেওয়া হ'ল :**

১। উত্তর দিনাজপুর জেলা পরিষদ পরিচালনাধীন সংশ্লিষ্ট তালিকায় পুকুর/বিল/জলাশয় ১ লা এপ্রিল, ২০২২ থেকে ৩১ শে মার্চ, ২০২৭ পর্যন্ত বন্দোবস্ত দেওয়া হবে। জলাশয়ের জন্য সর্ব্বোচ্চ বাৎসরিক দর সেই জলাশয়ের ঐ সময়ের জন্য খাজনা ধার্য্য হবে এবং প্রতি বছর ধার্য্য খাজনার উপর **৫% বর্দ্ধিত হারে** পরবর্তী নির্দিষ্ট বছর পর্যন্ত খাজনা জমা করতে হবে।

২। প্রথম সর্ব্বোচ্চ দরদাতাকে প্রদেয় বাৎসরিক দরের অর্থ জেলা পরিষদের দরপত্র খোলার নির্ধারিত দিন থেকে **০৩ (তিন)** দিনের মধ্যে জমা করতে হবে । যদি ঐ তিন দিনের মধ্যে ডাকের সমস্ত অর্থ মিটিয়ে দিতে না পারেন, তবে ২য় সর্ব্বোচ্চ দরদাতাকে ইজারা পাওয়ার সুযোগ দেওয়া হবে। অনুরূপ ভাবে দ্বিতীয় সর্ব্বোচ্চ দরদাতাও যদি সমস্ত অর্থ মিটিয়ে দিতে না পারেন, তবে তৃতীয় সর্ব্বোচ্চ দরদাতাকে সুযোগ দেওয়া হবে। তবে যদি পাশাপাশি দরদাতার মধ্যে ১০% বেশী পার্থক্য থাকে বা ১ম, ২য় এবং ৩য় সর্ব্বোচ্চ দরদাতা সম্পূর্ণ দরের অর্থ মিটিয়ে দিতে অপারগ হন, তবে সে ক্ষেত্রে জেলাপরিষদ কর্তৃপক্ষ ডাক-প্রক্রিয়াটি বাতিল ব'লে ঘোষণা করতে পারবেন।

২য় পৃষ্ঠা দ্রষ্টব্য

৩। প্রাইমারি ফিসারমেনস্ কো-অপারেটিভ সোসাইটি/ ফিস প্রোডাকশন গ্রুপ/ স্ব-নির্ভর গোষ্ঠী ব্যতীত কোনো ব্যাক্তি বিশেষ, বেসরকারী ফার্ম বা প্রতিষ্ঠানের দরপত্র গ্রহণ করা হবে না।

৪। কোন কারন না দেখিয়ে দর গ্রহন বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষের থাকবে এবং সে ক্ষেত্রে জেলা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত ব'লে গণ্য হবে।

৫। যে সব দরদাতা জলাশয় দখলের সুযোগ পাওয়ার পর জলাশয় নিতে অস্বীকার করবেন তাদের আমানত বাবদ জমার টাকা বাজেয়াপ্ত করা হবে। কোন প্রকার প্রতারণার জন্য ভারতীয় দন্ডবিধি অনুসারে দন্ডনীয় হবেন এবং জলাশয় নিলাম হ'লে তাতে জেলা পরিষদের যে ক্ষতি হবে তার জন্য তিনি দায়ী থাকবেন।

৬। যদি কোন দরদাতা নিজ নাম গোপন করে কাল্পনিক নামে আবেদন করেন অথবা নোটিশের শর্ত অথবা জেলা পরিষদের আদেশাদি পালন না করেন অথবা অন্য কোন প্রকারে জেলা পরিষদকে প্রতারিত করার চেষ্টা করেছেন বলে প্রমানিত হয় তবে তিনি আইনানুসারে দন্ডনীয় হবেন।

৭। যারা ইজারাদার নিযুক্ত হবেন, তারা ইজারা পাবার **০৩ (তিন) দিনের** মধ্যে জেলা পরিষদের নির্দিষ্ট চুক্তিপত্রে চুক্তি সম্পাদন করবেন অন্যথায় পুকুর, বিল বা জলাশয়ের দখলি পরোয়ানা দেওয়া যাবে না এবং যিনি এই পরোয়ানা না নিয়ে পুকুর, বিল বা জলাশয়ের দখল করবেন তিনি অনধিকার প্রবেশের জন্য দন্ডনীয় হবেন।

৮। দুই বা অধিক গোষ্ঠীর প্রদেয় (সর্বোচ্চ) বাৎসরিক দর সমান হলে তাদের মধ্যে Table Bid এর মাধ্যমে মীমাংসা করা হবে।

৯। **পুকুর/বিল/জলাশয় সংক্রান্ত শর্তাবলী ও নিয়ম কানুন নিম্নরূপ :**

(ক) পুকুর, বিল বা জলাশয়ের প্রাকৃতিক ভারসাম্য তথা বাস্তুরীতি বজায় রাখতে হবে।

(খ) জলাশয়ে কোনো প্রকার অপচনশীল আর্বজনা (প্লাস্টিক, থার্মকল, ঔষধের মোড়ক ইত্যাদি) তথা কোনো প্রকার নোংরা ফেলা যাবে না।

(গ) পার্শ্ববর্তী বসতি থেকে কোনো পয়ঃপ্রণালীর জল জলাশয়ে যাতে না পড়ে সে দিকে সর্বদা নজর রাখতে হবে।

(ঘ) পুকুর, বিল বা জলাশয় শুধুমাত্র মাছ চাষ এবং কৃষি সেচের জন্য ব্যবহার করা যাবে।

(ঙ) পুকুর, বিল বা জলাশয়ের পাড়ে কোনো পাকা নির্মান কার্য করা যাবে না।

(চ) পুকুর, বিল বা জলাশয়ের ক্ষতি হয় এমন কোনো রাসায়নিক পদার্থ ব্যবহার করা যাবে না।

(ছ) পুকুর, বিল বা জলাশয় সর্বদা কচুরিপানা মুক্ত রাখতে হবে।

১১/০৩/২০২২

সচিব

উত্তর দিনাজপুর জেলা পরিষদ

স্মারক সংখ্যা : ৪০৪ /উ.দি.জে.প/রিসোঃ মোবিঃ/XX/জলাশয় পরিচালন(লিজ)/২০১৭/০০৫ দিনাঙ্ক : ২২/০৬/২০২২

অনুলিপি জ্ঞাতার্থে প্রেরণ করা হ'ল -

১। সভাধিপতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।
২। নির্বাহী আধিকারিক, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।
৩। পুলিশ সুপার, উত্তর দিনাজপুর। মহাশয়ের নিকট ২৫/০৩/২০২২ তারিখে বেলা ১০:০০ থেকে উঃ.দি. জেলা পরিষদ চত্বরে পুলিশ-মোতায়েন ব্যবস্থা করার জন্য আবেদন করা হচ্ছে।
৪। সহকারী সভাধিপতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।
৫। অতিরিক্ত নির্বাহী আধিকারিক, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।
৬। জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, উত্তর দিনাজপুর।
৭। মহকুমা শাসক, রায়গঞ্জ/ ইসলামপুর, উত্তর দিনাজপুর।
৮। জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, উত্তর দিনাজপুর।
৯। বিত্ত নিয়ামক ও মূখ্যগনন আধিকারিক, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।
১০। কর্মাধ্যক্ষ, পূর্ত-কার্য ও পরিবহন স্থায়ী সমিতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।
১১। কর্মাধ্যক্ষ, বন-ও ভূমি সংস্কার স্থায়ী সমিতি, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।
১২। শ্রী/শ্রীমতি ..........................................................................সদস্য, উত্তর দিনাজপুর জেলা পরিষদ।
১৩। মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, রায়গঞ্জ/ইসলামপুর, উত্তর দিনাজপুর।
১৪। নির্বাহী আধিকারিক, রায়গঞ্জ/হেমতাবাদ/ইটাহার/করণদীঘি পঞ্চায়েত সমিতি, উত্তর দিনাজপুর। আপনাকে বিষয়টি প্রচারের জন্য অনুরোধ জানানো হচ্ছে।
১৫। প্রধান, .......................................................................................... গ্রাঃ পঃ, উত্তর দিনাজপুর। আপনাকে বিষয়টি প্রচারের জন্য অনুরোধ জানানো হচ্ছে।
১৬। জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, উত্তর দিনাজপুর।
১৭। ডি. আই. এ., উত্তর দিনাজপুর জেলা পরিষদ। আপনাকে জেলা পরিষদের ওয়েব সাইটে বিষয়টি সম্প্রচার করার জন্য অনুরোধ করা হচ্ছে।
১৮। শ্রী/ শ্রীমতি ..........................................................................(বিগত ইজারা প্রাপক)
ঠিকানা ..........................................................................................................
১৯। নোটিশ বোর্ড, উত্তর দিনাজপুর জেলা পরিষদ ।

[signature] ২২/০২/২০২২

সচিব
উত্তর দিনাজপুর জেলা পরিষদ

UTTAR DINAJPUR ZILLA PARISHAD
KARNAJORA, RAIGANJ

PROPOSED BASE PRISE OF WATER BODIES FOR OPEN BID FOR THE PERIOD FROM 01.04.2022 to 31/03/ 2027

**Annx. -"A"**

| SL. No. | LOCATION DETAILS | | | | | | | PROPOSED ANNUAL BASE PRICE (in Rs.) | 35% of BID Value |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | NAME OF POND | NAME OF LTHE BLOCK | NAME OF G.P./ MUNICIPALITY | MOUZA | JL. NO. | PLOT NO. | AREA IN ACRE | | |
| I | II | III | IV | V | VI | VII | VIII | IX | X |
| 1 | ENA DIGHI | ITAHAR | DURLAVPUR | SONAPUR | 30 | 50 | 3.39 | 26929 | |
| 2 | KHIRAHAL PUKUR | ITAHAR | ITAHAR | KAMALPUR | 124 | 409 | 3.19 | 26750 | |
| 3 | KUTUBDIGHI | ITAHAR | MARNAI | BASRATPUR | 215 | 677 | 3.75 | 35666 | |
| 4 | GOPIBATI | ITAHAR | MARNAI | GOPIBATI | 224 | 222 | 3.75 | 32100 | |
| 5 | MALAHAR | ITAHAR | JOYHAT | BATNABAJ | 246 | 39 | 4.13 | 35666 | |
| 6 | GABURAI | ITAHAR | JOYHAT | BATNABAJ | 246 | 175 | 3.47 | 39234 | |
| 7 | KHESRA DIGHI | ITAHAR | JOYHAT | KHASRA | 252 | 28 | 3.86 | 25112 | |
| 8 | TANOHORI PUKUR | RAIGANJ | MARAIKURA | TANOHARI | 143 | 131 | 4.83 | 42800 | |
| 9 | MORAL (CHAR PUKUR) | RAIGANJ | SHITGRAM | DIPNAGAR | 87 | 1165 | 3.84 | 34240 | |
| 10 | BORO PUKUR | HEMTABAD | NAODA | MALON | 32 | 346 | 3.33 | 26750 | |
| 11 | BALIAMONI PUKUR | KARANDIGHI | BAZARGAKON | BALIAMONI | 58 | 689 | 3.28 | 71334 | |
| 12 | NINDANDA POND | ITAHAR | DURLAVPUR | SONAPUR (DAKHINAL) | 36 | 2210 | 3.07 | 32100 | |
| 13 | MUKUNDAPUR POND (DHODRA BEEL) | RAIGANJ | SERPUR | MUKUNDAPUR | 45 | 391/467 | 4.56 | 137388 | |

11/03/2022

Secretary
Uttar Dinajpur Zilla Parishad

# দরপত্র ফরমেট

প্রতি : সচিব
উত্তর দিনাজপুর জেলা পরিষদ।

মহাশয়,

আপনার কার্যালয়ে গত ১১/০৩/২০২২ তারিখের স্মারক সংখ্যা : ৫০৪/উ.দি.জে.প./রিসোঃ মোবিঃ/ XX/ জলাশয় পরিচালন (লিজ)/২০১৭/০০৫ নং বিজ্ঞপ্তি অনুসারে আমি নিম্নলিখিত পুকুর/বিল/জলাশয়ের জন্য দরপত্র প্রদান করলাম।

১। পুকুর/বিল/জলাশয়ের নাম : ..........................................................................................
মৌজা : ........................................ ব্লকের নাম : ........................................

২। দরপত্র প্রদানকারী সোসাইটি/দল/গোষ্ঠীর নাম : ..........................................................
..........................................................................................................................

৩। দরপত্র প্রদানকারী সোসাইটি/দল/গোষ্ঠীর প্রকৃতি (সঠিক স্থানে টিক্ চিহ্ন দিন) : প্রাইমারি ফিসারমেনস্ কো-অপারেটিভ সোসাইটি/ফিস প্রোডাকশন গ্রুপ/ স্ব-নির্ভর গোষ্ঠী

৪। দরপত্র প্রদানকারীর ঠিকানা : ..........................................................................
..........................................................................................................................

৫। **প্রদেয় বাৎসরিক দর** : টা.________________কথায় (__________________________________
______________________________________________________________) টাকা মাত্র।

৬। বিজ্ঞপ্তি অনুসারে বাৎসরিক প্রদেয় দরের উপর ৩৫% আমানত বাবদ টা. ........................................ টাকা মাত্র কথায় (..........................................................................) টাকা মাত্র ব্যাঙ্ক ড্রাফ্ট মারফৎ দেওয়া হল।

৭। ব্যাঙ্ক ড্রাফ্ট নং : .......................................................... তারিখ : ..............................

৮। সোসাইটি/দল/গোষ্ঠীর রেজিস্ট্রেশন নং : ..........................................................................
(Attested Xerox জমা দিতে হবে)

৯। দরপত্র প্রদানকারী সোসাইটি/দল/গোষ্ঠীর প্রধানের নাম ও মোবাইল নং : ........................................

বিনীত,

তারিখ :

(দরপত্র প্রদানকারী সোসাইটি/দল/গোষ্ঠীর প্রধানের স্বাক্ষর)

(দরপত্র প্রদানকারী সোসাইটি/দল/গোষ্ঠীর সিল)